

ফরিদপুরে দুই মন্ত্রী পরীক্ষায় নকলসহ ধরা পড়লে হাতকড়া ও জেল

ফরিদপুর জেলা সংবাদদাতা :
নকলবিরোধী এক সুধী সমাবেশে প্রধান
অতিথির ভাষণে দুর্যোগ, ব্যবস্থাপনা ও
ক্রাণমন্ত্রী তৌফুরী কামাল ইবনে ইউসুফ এবং
বিশেষ অতিথি শিক্ষা প্রতিমন্ত্রী আনম
এহসানুল হক মিলন বলেছেন, এসএসসি
পরীক্ষা কেন্দ্রগুলোতে যদি কোন পরীক্ষার্থী
নকলসহ ধরা পড়ে তাহলে কেবল বহিষ্কার
নয় সেই পরীক্ষার্থীকে হাতকড়া পরিয়ে জেল
হাজতে পাঠানো হবে। মন্ত্রীস্বয়ং পূর্তকাল
(তরুবার) ফরিদপুর কবি জসীম উদ্দীন কলে
অনুষ্ঠিত বৃহত্তর ফরিদপুর জেলার মাধ্যমিক ও
উচ্চমাধ্যমিক ও মাদ্রাসা বোর্ডের পরীক্ষায়
সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রতিনিধিদের উদ্দেশে
একথা বলেন।

ফরিদপুরের জেলা প্রশাসক জালাল
আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায়
অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ঢাকা
শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ
জোনায়েত আলী, জেলা হাই স্কুলের প্রধান
শিক্ষক নাজিম উদ্দিন আহমেদ, রাজশ্রম
কলেজের প্রিন্সিপাল আঃ জলিল, বাকিগঞ্জ
মাদ্রাসার সুপার মহম্মদুল হাসান, জেলা
রিএনপিআর আহবায়ক আলহাজ্ব শাহজালা মিয়া
প্রমুখ।

বৃহত্তর ফরিদপুর জেলার, মাদারীপুর
শরীয়তপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী জেলার
জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা
নির্বাহী কর্মকর্তা ও থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা,
পরীক্ষা কেন্দ্র সচিব, শিক্ষা প্রতিষ্ঠানের
প্রধানসহ সুধী সমাজের নেতৃবৃন্দ ও
সাংবাদিকগণও উপস্থিত ছিলেন।